দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 JAN 2006
পৃষ্ঠা ২০ কলাম ৪

# খুবিতে শিক্ষক নিয়োগ কেন্দ্র করে অচলাবস্থা ।। শিক্ষকদের ক্লাস বর্জন

খুলনা অফিস ।। খুলনা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিনে প্রফেসর পদে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। সংশ্লিষ্ট ডিসিপ্লিনের শিক্ষকরা গতকাল সোমবার থেকে ক্লাস বর্জন শুরু করেছে। বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, ব্যবসায় (১৯শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## খুবিতে শিক্ষক

(২০শ পৃঃ পর)

প্রশাসন ডিসিপ্লিনে প্রফেসর পদে একজন শিক্ষক নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা হয়। এ পদে ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিনের দু'জন ও কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের একজনসহ মোট তিনজন শিক্ষক আবেদন করেন। কিন্তু রাজনৈতিক কারণে খুলনা বিশ্ববিদ্যালয়ের উক্ত দু'শিক্ষককে বাদ দিয়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মিজানুর রহমানকে প্রফেসর পদে নিয়োগ দেয়ার চেষ্টা চলছে। এ ব্যাপারে নাম প্রকাশে অনিচ্ছুক জনৈক শিক্ষক বলেন, ভিসি প্রফেসর ড. মাহবুবুর রহমান [illegible] রাজনৈতিক কারণে কম যোগ্যতা-সম্পন্ন শিক্ষক মিজানুর রহমানকে নিয়োগ দেয়ার চেষ্টা চালাচ্ছেন। এই নিয়োগ প্রক্রিয়া বন্ধ না হওয়া পর্যন্ত শিক্ষকদের ক্লাস বর্জন অব্যাহত থাকবে। অপরদিকে খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মাহবুবুর রহমানের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিনের প্রফেসর পদে খুলনা বিশ্ববিদ্যালয়ের আবেদনকারী দু'শিক্ষকের চেয়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মিজানুর রহমান অধিক যোগ্যতাসম্পন্ন। তাছাড়া তিনি বর্তমানে প্রফেসর ও তার ডক্টরেট ডিগ্রি রয়েছে। তিনি বলেন, রাজনৈতিক কারণে নয় সিন্ডিকেটের সিদ্ধান্তের ফলেই এবং যোগ্যতা অনুসারে ড. মিজানুর রহমানকে উক্ত পদে নিয়োগ দেয়া হচ্ছে।